

বই দিবসে উপহার বই

■ কৃষ্ণনগর: সোমবার জেলাজুড়ে স্কুলে স্কুলে পালিত হল বই দিবস। এই উপলক্ষে এ দিন জেলার বিভিন্ন স্কুলে ছাত্রছাত্রীদের হাতে পাঠ্যপুস্তক তুলে দেওয়া হয়েছে। প্রথম থেকে দশম শ্রেণি পর্যন্ত ছাত্রীদের হাতে পাঠ্যপুস্তক তুলে দেওয়া হয়েছে বলে নদিয়া জেলা সর্বশিক্ষা মিশন সূত্রে জানা গিয়েছে। অনুষ্ঠান হয় কৃষ্ণনগরের এন্ডি স্কুলে। সেখানে নদিয়ার অতিরিক্ত জেলাশাসক (সাধারণ) প্রিয়াঙ্কা সিংলা, কৃষ্ণনগর সদরের মহকুমা শাসক মৈত্রেয়ী গঙ্গোপাধ্যায়, সর্বশিক্ষা মিশনের জেলা প্রকল্প আধিকারিক সচ্চিদানন্দ বন্দ্যোপাধ্যায় উপস্থিত ছিলেন। এ দিন সর্বশিক্ষা মিশনের জেলা প্রকল্প আধিকারিক বলেন, “জেলায় প্রথম থেকে দশম শ্রেণি পর্যন্ত প্রায় ৮ লক্ষ ৭৫ হাজার ছাত্রছাত্রী আছে। প্রত্যেকের হাতে পাঠ্যপুস্তক দেওয়া হবে। এ দিন ৮৫ শতাংশ পড়ুয়াকে বই দেওয়া হয়েছে। বাকিরাও দু’এক দিনের মধ্যে পাঠ্যপুস্তক পাবে।”

স্বাক্ষর - ৩

সোমবার জেলাজুড়ে স্কুলে স্কুলে পালিত হল বই দিবস। এই উপলক্ষে এ দিন জেলার বিভিন্ন স্কুলে ছাত্রছাত্রীদের হাতে পাঠ্যপুস্তক তুলে দেওয়া হয়েছে। প্রথম থেকে দশম শ্রেণি পর্যন্ত ছাত্রীদের হাতে পাঠ্যপুস্তক তুলে দেওয়া হয়েছে বলে নদিয়া জেলা সর্বশিক্ষা মিশন সূত্রে জানা গিয়েছে। অনুষ্ঠান হয় কৃষ্ণনগরের এন্ডি স্কুলে। সেখানে নদিয়ার অতিরিক্ত জেলাশাসক (সাধারণ) প্রিয়াঙ্কা সিংলা, কৃষ্ণনগর সদরের মহকুমা শাসক মৈত্রেয়ী গঙ্গোপাধ্যায়, সর্বশিক্ষা মিশনের জেলা প্রকল্প আধিকারিক সচ্চিদানন্দ বন্দ্যোপাধ্যায় উপস্থিত ছিলেন। এ দিন সর্বশিক্ষা মিশনের জেলা প্রকল্প আধিকারিক বলেন, “জেলায় প্রথম থেকে দশম শ্রেণি পর্যন্ত প্রায় ৮ লক্ষ ৭৫ হাজার ছাত্রছাত্রী আছে। প্রত্যেকের হাতে পাঠ্যপুস্তক দেওয়া হবে। এ দিন ৮৫ শতাংশ পড়ুয়াকে বই দেওয়া হয়েছে। বাকিরাও দু’এক দিনের মধ্যে পাঠ্যপুস্তক পাবে।”

